



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)  
সদর কার্যালয়, বিআরটিএ ভবন,  
নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা।  
[www.brsa.gov.bd](http://www.brsa.gov.bd)



### গণপরিবহনে (ভোঢ়ায় চালিত বাস-মিনিবাস) নারী, শিশু, বৃক্ষ ও বিশেষ চাহিদা সম্পর্ক ব্যক্তির জন্য নুন্যতম ২০% আসন নিশ্চিত করা সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট মোটরযান মালিকের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ধারা- ৩৪ (১) অনুযায়ী কর্তৃপক্ষ বা যাত্রী ও পণ্য পরিবহন কমিটি গণপরিবহনে নারী, বিশেষ চাহিদা সম্পর্ক ব্যক্তি, বয়স্ক ব্যক্তি ও শিশুদের জন্য আসন সংখ্যা নির্ধারণ করতে পারেন। ইতোমধ্যে সংশ্লিষ্ট সকলকে গণপরিবহনে (ভোঢ়ায় চালিত বাস-মিনিবাস) নারী, শিশু, বৃক্ষ ও বিশেষ চাহিদা সম্পর্ক ব্যক্তির জন্য নুন্যতম ২০% আসন নিশ্চিত করার অনুরোধ জানানো হয়েছে। পর্যবেক্ষণে দেখা যায়, ঢাকা ও চট্টগ্রাম মহানগরীতে চলাচলরত অধিকাংশ গণপরিবহনে উপরোক্ত নির্দেশনাবলী প্রতিপালন করা হচ্ছে না। তাছাড়া গণপরিবহনের ৯টি আসন (বাস) ও ৬টি আসন (মিনিবাস) সংরক্ষণের নিমিত্ত দৃশ্যমান স্থানে নারী, বিশেষ চাহিদা সম্পর্ক ব্যক্তি, বয়স্ক ব্যক্তি ও শিশুদের জন্য ৯টি আসন (বাস) ও ৬টি আসন (মিনিবাস) সংরক্ষিত সম্বলিত কোনো স্টিকার প্রদর্শনের ব্যবস্থা না থাকার কারণে প্রায়শঃ যাত্রীদের সাথে গণপরিবহনের (বাস-মিনিবাস) কন্ডাটরগণের বাক-বিতন্ডার অভিযোগ পাওয়া যাচ্ছে এবং অনেক সময় যাত্রীদের সাথে কন্ডাটরগণের অগ্রীতিকর ঘটনা ঘটছে। এমতাবস্থায়, গণপরিবহনে (বাস-মিনিবাস) নারী, বিশেষ চাহিদা সম্পর্ক ব্যক্তি, বয়স্ক ব্যক্তি ও শিশুদের জন্য মোট আসন সংখ্যার নুন্যতম ২০% আসন নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট মোটরযান মালিককে অনুরোধ করা যাচ্ছে। এর ব্যত্যয়ে প্রচলিত আইন অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিআরটিএ

*257 N*  
(শীতাংশু শেখুর বিশ্বাস)  
পরিচালক (ইঞ্জিনিয়ারিং)  
ফোনঃ ৫৫০৪০৭১৬  
ইমেইলঃ de@brsa.gov.bd